# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2014**

**THIRD YEAR**

**BENGALI (Honours)**

Date : 20/12/2014

Time : 11 am – 3 pm

Paper : V

Full Marks : 100

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## বিভাগ - ক

১। বাংলা গদ্যসাহিত্যের ইতিহাসে বিদ্যাসাগরের গুরুত্ব ও রচনারীতির ওপর আলোকপাত করো। (১১)

**অথবা**

সমকালের প্রেক্ষিতে গদ্যশিল্পী শঙ্খ ঘোষের বৈশিষ্ট্য নির্দেশ করো।

২। টীকা লেখো (যেকোন **একটি**) ঃ (১ × ৪)

কমলাকান্তের দপ্তর, বর্তমান ভারত।

৩। বাংলা সাময়িকপত্রের ইতিহাসে প্রবাসী **অথবা** সাধনা পত্রিকার গুরুত্ব নিয়ে আলোচনা করো। (১১)

৪। সংক্ষিপ্ত আলোচনা করো (যেকোন **একটি**) ঃ (১ × ৪)

সংবাদ-প্রভাকর, কল্লোল।

৫। 'পথের পাঁচালী' উপন্যাসে দুর্গা চরিত্রটির প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করো। (১০)

**অথবা**

'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৬। 'চিরকালের মত তাহারা আজ দূরে সরিয়া যাইতেছে।' কারা, কেন, কার কাছ থেকে দূরে সরে যাচ্ছে? (২)

**অথবা**

"কি উজ্জ্বল ভবিষ্যৎ তাহার সম্মুখে!" কার কথা বলা হচ্ছে? ভবিষ্যতের কল্পনাটি কেমন? (১ + ১)

৭। 'পদ্মানদীর মাঝি'-কে আঞ্চলিক উপন্যাস অভিধাটি দেওয়া যায় কী? (১০)

**অথবা**

'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিঞা চরিত্রটির আলোচনা প্রসঙ্গে তার অন্তর্গত বৈশিষ্ট্যটি নির্দেশ করো।

৮। "গাও জ্বালাইনা কথা দেহি খইর-পারা ফোটে, মায় নি মুখে মধু দিছিল আঁতুড়ে?" —কে, কাকে বলছে? প্রসঙ্গটি কী? (১ + ১)

**অথবা**

"সেখানে গিয়া বাস করিতে হইবে বলিয়া কান্নার কী আছে?" কোথায়, কাকে বাস করতে হবে? কান্নার প্রসঙ্গ উঠছে কেন? (১ + ১)

৯। 'উপকার করিবার অধিকার থাকা চাই'—বলেছিলেন রবীন্দ্রনাথ। 'ছোটলোক' গল্পে এই অধিকারের প্রশ্নটি কীভাবে উঠেছে ব্যাখ্যা করো। (১১)

**অথবা**

'স্বপ্নের মৃত্যু হয়, তবু স্বপ্ন মরে না'—'ঝাড়পোঁছ' গল্পে এই সত্যটি কীভাবে প্রকাশিত?

১০। "খেলায় গোল হয় আবার হয় না। পৃথিবীর সর্বত্রই এটা হয় হচ্ছে।" কার উক্তি? কেন সে এই কথা বলছে? (১ + ৩)

**অথবা**

"কারণ একান্তে কাঁদবার মতো কোনো আশ্রয় তাদের জানা ছিল না।" 'তাদের' পরিচয় দাও। উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। (২ + ২)

১১। ‘টোবা টেক সিং’ দেশভাগের বিরুদ্ধে মান্টোর তীব্র প্রতিবাদ — বিশ্লেষণ করো। (১১)

**<u>অথবা</u>**

‘আকাশে অনেক তারা, কোনোদিন ফুরোবে না’— ‘বেঁচে থাকা’ অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১২। ‘‘তখন শাহের কঞ্জরী, একশো টাকার নোট হাতে নিয়ে, শাহনির ঐ এককথায় কেমন ঝিমিয়ে পড়ে!’’ কঞ্জরী এবং শাহনির পরিচয় দাও। কঞ্জরীর ঝিমিয়ে পড়ার কারণ কী? (২ + ২)

**<u>অথবা</u>**

‘‘ছবিগুলোর সাবজেক্ট একটু বদলে গেছে মমতা’’ —কার উক্তি? ‘সাবজেক্ট’-এ কী বদল ঘটেছে? (১ + ৩)

| | | |
|---|---|---|
| | **RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA** | |
| | **(Residential Autonomous College under University of Calcutta)** | |
| | **B.A./B.Sc. FIFTH SEMESTER EXAMINATION, DECEMBER 2014** | |
| | **THIRD YEAR** | |
| Date : 20/12/2014 | **BENGALI (Honours)** | |
| Time : 11 am – 3 pm | Paper : V | Full Marks : 100 |

**Roll No......................................**

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট। ২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## বিভাগ - খ

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ (০.৫ × ৩২)

১। 'সমান্তরাল' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) অ + অ খ) অ + আ গ) আ + অ ঘ) আ + আ

২। 'বনস্পতি' শব্দের সন্ধি বিচ্ছেদ হল—
ক) বনঃ + পতি খ) বন + পতি গ) বনঃ + স্পতি ঘ) বন + স্পতি

৩। 'অতি + অধিক'-এর সন্ধিযুক্ত রূপটি হল—
ক) অত্যধিক খ) অত্যাধিক গ) অত্যধীক ঘ) অত্যাধীক

৪। 'ভাবুক' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) ভাব + উক খ) ভৌ + বুক গ) ভৌ + উক ঘ) ভাব + ঊক

৫। 'গিরীশ' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) ই + ই খ) ই + ঈ গ) ঈ + ই ঘ) ঈ + ঈ

৬। 'পরস্পর' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) পরঃ + পর খ) পরঃ + পরঃ গ) পর + স্পর ঘ) পর + পর

৭। 'পশু + অধম' -এর সন্ধিযুক্ত রূপটি হল—
ক) পশ্যধম খ) পশ্বধম গ) পশ্যাধম ঘ) পশ্বাধম

৮। 'প্রত্যাশিত' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) ই + অ খ) ই + আ গ) ঈ + অ ঘ) ঈ + আ

৯। 'প্রশংসা' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) প্রশম্ + সা খ) প্রশং + সা গ) প্রসম্ + শা ঘ) প্রশন্ + সা

১০। 'নিঃ + রোগ' -এর সন্ধিযুক্ত রূপটি হল—
ক) নিরোগ খ) নিঃরোগ গ) নীরোগ ঘ) নীঃরোগ

১১। 'ক্ষুধার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) ক্ষুধা + আর্ত খ) ক্ষুধা + ঋত গ) ক্ষুদা + ঋত ঘ) ক্ষুধা + অর্ত

১২। 'পতঞ্জলি' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) পতম্ + জলি খ) পতন্ + অঞ্জলি গ) পতৎ + অঞ্জলি ঘ) পতঃ + অঞ্জলি

১৩। 'অতি + আশ্চর্য' -এর সন্ধিযুক্ত রূপটি হল—
ক) অত্যাশ্চার্য খ) অত্যাশ্চর্য গ) অত্যশ্চর্য ঘ) অত্যশ্চার্য

১৪। 'হিতৈষী' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) অ + এ খ) আ + এ গ) অ + ঐ ঘ) আ + ঐ

১৫। ‘পরিষ্কার’ শব্দের সন্ধিবিচ্ছেদ হল—

ক) পরিঃ + কার খ) পরি + স্কার গ) পরি + কার ঘ) পরিঃ + স্কার

১৬। ‘উচ্ছ্বাস’ শব্দের সন্ধিবিচ্ছেদ হল—

ক) উচ্ + ছ্বাস খ) উৎ + ছ্বাস গ) উচ্ + শ্বাস ঘ) উৎ + শ্বাস

১৭। ‘বাক্ + আড়ম্বর’ -এর সন্ধিযুক্ত রূপটি হল—

ক) বাগারম্বড় খ) বাগাড়ম্বর গ) বাকারম্বড় ঘ) বাকাড়ম্বর

১৮। ‘তেজস্বী’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) তেজস্বিনি খ) তেজস্বীনি গ) তেজস্বিনী ঘ) তেজস্বীনী

১৯। ‘বিদ্বান’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) বিদূষী খ) বিদুষী গ) বিদূষি ঘ) বিদুষি

২০। ‘মহীয়ান’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) মহিয়সী খ) মহীয়সি গ) মহীয়সী ঘ) মহিয়সি

২১। ‘হিম’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—

ক) হিমানি খ) হিমানী গ) হীমানি ঘ) হীমানী

২২। ‘আয়া’ শব্দের পুংলিঙ্গ হল—

ক) চাকর খ) সেবক গ) কিঙ্কর ঘ) খানসামা

২৩। ‘সম্পাদক’ শব্দের বহুবচন হল—

ক) সম্পাদককুল খ) সম্পাদকরাজি গ) সম্পাদকসমূহ ঘ) সম্পাদকমণ্ডলী

২৪। ‘রত্ন’ শব্দের বহুবচন হল—

ক) রত্নরাশি খ) রত্নরাজি গ) রত্নমালা ঘ) রত্নবৃন্দ

২৫। ‘মেঘ’ শব্দের বহুবচন হল—

ক) মেঘশ্রেণি খ) মেঘমালা গ) মেঘপুঞ্জ ঘ) মেঘরাশি

২৬। ‘মহিলা’ শব্দের বহুবচন হল—

ক) মহিলারাজি খ) মহিলারাশি গ) মহিলাপুঞ্জ ঘ) মহিলামহল

২৭। ‘ঘটনা’ শব্দের বহুবচন হল—

ক) ঘটনামালা খ) ঘটনাপুঞ্জ গ) ঘটনাবলি ঘ) ঘটনারাজি

২৮। ‘পিতা’ শব্দের পদান্তর হল—

ক) পৈত্রিক খ) পৈতৃক গ) পিতৃক ঘ) পিত্রিক

২৯। ‘পরস্পর’ শব্দের পদান্তর হল—

ক) পারস্পারিক খ) পরস্পারিক গ) পারস্পরিক ঘ) পারস্পরীক

৩০। ‘হেমন্ত’ শব্দের পদান্তর হল—

ক) হেমন্তিক খ) হৈমন্তিক গ) হৈমন্তীক ঘ) হেমন্তীক

৩১। ‘অনুভব’ শব্দের পদান্তর হল—

ক) অনুভূত খ) অনুভাবিক গ) অনূভুত ঘ) অনুভবী

৩২। ‘পশু’ শব্দের পদান্তর হল—

ক) পশবিক খ) পশবীয় গ) পাশবিক ঘ) পাশবীক